ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*********

স- ১৬১৬

বিশালগড়, ৮ জুলাই, ২০২৫

**ধরতী আবা জনভাগিদারী অভিযানে কোনাবন গ্রামপঞ্চায়েতে প্রশাসনিক শিবির অনুষ্ঠিত**

গতকাল বিশালগড় ব্লকের অন্তর্গত কোনাবন গ্রামপঞ্চায়েত প্রাঙ্গনে ধরতী আবা জনভাগীদারি অভিযান উপলক্ষে এক প্রশাসনিক, স্বাস্থ্য ও সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে বিশালগড় মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ২২টি আধারকার্ড, ৫টি কাস্ট সার্টিফিকেট ও ৪টি রেশন কার্ডের জন্য আবেদনপত্র জমা নেওয়া হয়। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে ১২ জনের স্বাস্থ্য পরীক্ষা করা হয় এবং ৮ জনের নাম আয়ুষ্মান প্রকল্পে রেজিষ্ট্রেশন করা হয়। কৃষি দপ্তর থেকে ২ জন কৃষককে কিষাণ ক্রেডিট কার্ড প্রদানের জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়। শিবিরে উপস্থিত ছিলেন ডি সি এম দ্রৌপদী দেববর্মা সহ স্বাস্থ্য, পানীয়জল, কৃষি সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

*****